**একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
www.sadar.rajbari.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০.০১০.০০৯.২৬-৯৮১

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২১ জুলাই ২০২৬ খ্রি.

**"ফ্যামিলি কার্ড কর্মসূচি-২০২৬ এর শুমারিচলাকালীন অস্থায়ী ভিত্তিতে স্বেচ্ছাসেবী হিসেবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কর্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগষ্ট ২০২৬ খ্রি. হতে ১৪ই সেপ্টেম্বর ২০২৬ খ্রি." তারিখ পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিযোগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে।

| ক্র. নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী (১১৩ জন) | ক) নূন্যতম এইচএসসি বা সমমান পাস।<br>খ) বয়স: ১৮-৪০ বছর।<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর।<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান।<br>ঙ) শুদ্ধ বাংলায় সাবলীলভাবে লিখতে, পড়তে ও কথা বলতে সক্ষম।<br>চ) মাঠ পর্যায়ে শারীরিকভাবে কাজ ও তথ্য সংগ্রহ করতে সক্ষম। | ক) নারী প্রার্থী ৫০%।<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রিধারী।<br>গ) পূর্বে বিবিএস ও অন্য সংস্থার বিভিন্ন জরিপ কাজের অভিজ্ঞতাসম্পন্ন। | ক) ফৌজদারি মামলায় দন্ডিত।<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় কর্মরত।<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বরপ্রাপ্ত।<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে কোন সংস্থা/ চাকরি হতে বরখাস্ত বা দন্ডিত। | ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র।<br>খ) জাতীয় পরিচয়পত্র /অনলাইন জন্মনিবন্ধন।<br>গ) পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত। |
| ক্র. | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | দৈনন্দিন বাধ্যতামূলক | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
| ০২ | সুপারভাইজার (১৩ জন) | ক) নূন্যতম ব্যাচেলর ডিগ্রি বা সমমান পাস।<br>খ) বয়স: ২৫-৪৫ বছর।<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর।<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান।<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিত ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা। | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন।<br>খ) প্রতিটি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা প্রদান।<br>ঘ) ট্যাবলেট চার্চ, ডেটো সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিতকরণ। | ক) ফৌজদারী মামলায় দন্ডিত।<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় কর্মরত।<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বরপ্রাপ্ত।<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে কোন সংস্থা/ চাকরি হতে বরখাস্ত বা দন্ডিত। | ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র।<br>খ) জাতীয় পরিচয়পত্র /অনলাইন জন্মনিবন্ধন।<br>গ) পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত। |

**০৩। আবেদন ফরম প্রাপ্তির স্থান:-** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী সদর, রাজবাড়ী'র https://dss.sadar.rajbari.gov.bd ওয়েবসাইট লিংক এ আবেদন ফরম পাওয়া যাবে।

**০৪। আবেদন ফরম দাখিলের স্থান:-** উপজেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

**০৫। আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:-**

| ক্র. নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময়সূচি | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময়সূচি | পরীক্ষার সম্ভাব্য সময় ও স্থান |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ২৮/০৭/২০২৬ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত। | ২৮/০৭/২০২৬ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত। | ২৮/০৭/২০২৬ খ্রি. তারিখ বেলা ০৩:০০ ঘটিকা হতে এবং ২৯/০৭/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ইউনিয়ন ভিত্তিক সময়সূচি মোতাবেক।<br>উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী। |

CamScanner

উল্লেখ্য যে, পরীক্ষায় অংশগ্রহণের সময় পরীক্ষার্থীকে নিজ খরচে ইন্টারনেট সংযোগসহ স্মার্টফোন/ট্যাবলেট/ল্যাপটপ সাথে আনতে হবে। এছাড়া, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধনসহ প্রযোজ্য সকল কাগজপত্রের মুলকপি আনতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

**০৬। শর্তাবলী:-**

ক। তথ্য সংগ্রহকারীগণকে শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।

খ। ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ (আট) ঘন্টা বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করতে হবে।

গ। মোবাইল, ইন্টারনেট, তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।

ঘ। তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবে না।

ঙ। তথ্য সংগ্রহকালে কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবে না।

চ। সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা করা বাধ্যতা মূলক।

ছ। তথ্য সংগ্রহের জন্য প্রদত্ত ট্যাবলেটটি সযত্নে রক্ষণা-বেক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে এর দায়ভার তথ্য সংগ্রহকারীকে বহন করতে হবে এবংপ্রযোজ্য ক্ষতি পূরণ প্রদান করতে হবে।

জ। কোন পরিবারকে আর্থিক/অন্যায্য সুবিধা নিয়ে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।

ঝ। ইচ্ছাকৃত জালিয়াতির ঘটনা প্রমাণিত হলে, এক্ষেত্রে তথ্য সংগ্রহকারী/সুপারভাইজারের সম্মানী বাতিল ও বিধি মোতাবেক আইনি ব্যবস্থা নেওয়া হবে।

২১|০৭|২৬

(নিরুপমা রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
মোবাইল নং-০১৭৩৩-৩৩-৬৪০৪
E-mail : unorajbarisadar@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০.০১০.০০৯.২৬-৯৮১

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রি.

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় সংসদ সদস্য, ২০৯ রাজবাড়ী- ০১।
০২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
০৩। পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড়, মোহাম্মদপুর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০৬। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী।
০৭। নোটিশ বোর্ড/অফিস কপি।

২১.০৭.২৬
(মো: তছলিম আরিফ বিশ্বাস)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

CamScanner